অতি জরুরী
বিশেষ বাহক মারফত

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়
লেজিসলেটিভ ও সংসদ বিষয়ক বিভাগ
পরিকল্পনা ও উন্নয়ন শাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
www.legislativediv.gov.bd

নং- ৫৫.০০.০০০০.১১২.১৪.০৭৭.২২-১৬০

তারিখঃ ১৩ চৈত্র, ১৪২৯ বাং
২৭ মার্চ ,২০২৩ খ্রি:

## প্রকল্প স্টিয়ারিং কমিটির ২য় সভার কার্যবিবরণী

লেজিসলেটিভ ও সংসদ বিষয়ক বিভাগ কর্তৃক বাস্তবায়নাধীন "আইন প্রণয়নের সক্ষমতা বৃদ্ধি এবং আইন বিষয়ে জনসচেতনতা সৃষ্টি" শীর্ষক প্রকল্পের প্রকল্প স্টিয়ারিং কমিটির ২য় সভা গত ১৫/০৩/২০২৩ তারিখ বেলা ১১:৩০ ঘটিকায় এ বিভাগের সচিব মহোদয়ের সভাপতিত্বে অনলাইন কনফারেন্স এ্যাপ (Zoom) এর মাধ্যমে অনুষ্ঠিত হয়। উক্ত সভার কার্যবিবরণী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে এতদসঙ্গে প্রেরণ করা হলো।

সংযুক্তি: বর্ণনামতে।

29/03/2023

(মোহাম্মদ আবু কাউছার)
উপসচিব
টেলিফোন-৫৫১০০৯০৯
ই-মেইল: ds.planning@legislativediv.gov.bd

**কার্যার্থে বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

১। সিনিয়র সচিব, অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২। সচিব, আইন ও বিচার বিভাগ, আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩। সচিব, বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগ, শের-ই-বাংলা নগর, ঢাকা।
৪। সদস্য, কার্যক্রম বিভাগ, পরিকল্পনা কমিশন, শের-ই-বাংলা নগর, ঢাকা।
৫। সদস্য, ভৌত অবকাঠামো বিভাগ, পরিকল্পনা কমিশন, শের-ই-বাংলা নগর।
৬। সদস্য, সাধারণ অর্থনীতি বিভাগ, পরিকল্পনা কমিশন, শের-ই-বাংলা নগর, ঢাকা।
৭। অতিরিক্ত সচিব (ড্রা-চ:দা:), লেজিসলেটিভ ও সংসদ বিষয়ক বিভাগ।
৮। যুগ্মপ্রধান, এনইসি, একনেক ও সমন্বয় অনুবিভাগ, পরিকল্পনা বিভাগ, শের-ই-বাংলা নগর, ঢাকা।
৯। প্রকল্প পরিচালক, আইন প্রণয়নের সক্ষমতা বৃদ্ধি এবং আইন বিষয়ে জনসচেতনতা সৃষ্টি প্রকল্প, লেজিসলেটিভ ও সংসদ বিষয়ক বিভাগ।
১০। যুগ্মসচিব (প্রশাসন) (চ.দা:), লেজিসলেটিভ ও সংসদ বিষয়ক বিভাগ।
১১। উপ-সচিব (পরিকল্পনা ও উন্নয়ন) ও উপ-প্রকল্প পরিচালক, আইন প্রণয়নের সক্ষমতা বৃদ্ধি এবং আইন বিষয়ে জনসচেতনতা সৃষ্টি প্রকল্প, লেজিসলেটিভ ও সংসদ বিষয়ক বিভাগ।
১২। সিস্টেম এনালিস্ট, লেজিসলেটিভ ও সংসদ বিষয়ক বিভাগ।
১৩। সিনিয়র গবেষণা কর্মকর্তা-১/২, আইন প্রণয়নের সক্ষমতা বৃদ্ধি এবং আইন বিষয়ে জনসচেতনতা সৃষ্টি প্রকল্প।
১৪। সহকারী প্রশাসন ও প্রশিক্ষণ কর্মকর্তা, আইন প্রণয়নের সক্ষমতা বৃদ্ধি এবং আইন বিষয়ে জনসচেতনতা সৃষ্টি প্রকল্প।

**সদয় অবগতির জন্য অনুলিপি:**

সচিব মহোদয়ের একান্ত সচিব, লেজিসলেটিভ ও সংসদ বিষয়ক বিভাগ।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
লেজিসলেটিভ ও সংসদ বিষয়ক বিভাগ
পরিকল্পনা ও উন্নয়ন শাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
www.legislativediv.gov.bd

বিষয়: "আইন প্রণয়নের সক্ষমতা বৃদ্ধি এবং আইন বিষয়ে জনসচেতনতা সৃষ্টি" শীর্ষক নতুন অনুমোদিত প্রকল্পের প্রকল্প স্টিয়ারিং কমিটির ২য় সভার কার্যবিবরণী।

লেজিসলেটিভ ও সংসদ বিষয়ক বিভাগের সচিব এবং প্রকল্প স্টিয়ারিং কমিটির সভাপতি জনাব মো: মইনুল কবির এর সভাপতিত্বে গত ১৫/০৩/২০২৩ খ্রি.তারিখ বেলা ১১:৩০ ঘটিকায় "আইন প্রণয়নের সক্ষমতা বৃদ্ধি এবং আইন বিষয়ে জনসচেতনতা সৃষ্টি" শীর্ষক প্রকল্পের স্টিয়ারিং কমিটির ২য় সভা অনলাইনে অনুষ্ঠিত হয়। সভায় বিভিন্ন মন্ত্রণালয়ের কর্মকর্তাবৃন্দ অংশগ্রহণ করেন (সভায় উপস্থিতির তালিকা পরিশিষ্ট- 'ক') ।

২। সচিব মহোদয় উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে স্টিয়ারিং কমিটির সভার কার্যক্রম শুরু করেন। তিনি বলেন, অষ্টম পঞ্চবার্ষিক পরিকল্পনা এবং SDG Target -16.b (Promote and enforce non-discriminatory laws and policies for sustainable development) এর লক্ষ্যমাত্রা অর্জনের উদ্দেশ্যে এই প্রকল্পটি গ্রহণ করা হয়েছে। এ বিষয়ে তিনি সভায় অংশগ্রহণকারী প্রকল্প স্টিয়ারিং কমিটির সদস্যবৃন্দের দৃষ্টি আকর্ষণ করেন। অতঃপর তিনি সভার আলোচ্য বিষয়সমূহ উপস্থাপন করার জন্য প্রকল্প পরিচালক ড. মোহাম্মদ মহিউদ্দীনকে অনুরোধ করেন।

৩। প্রকল্প পরিচালক উল্লেখ করেন, অষ্টম পঞ্চবার্ষিক পরিকল্পনা এবং SDG বাস্তবায়নকল্পে প্রকল্পটি গ্রহণ করা হয়েছে। প্রকল্পের উল্লেখযোগ্য উদ্দেশ্যসমূহ হচ্ছে- মানসম্মত ও বিশ্বমানের আইন প্রণয়নের লক্ষ্যে অভ্যন্তরীণ ও বৈদেশিক উচ্চশিক্ষা ও প্রশিক্ষণ এবং লজিস্টিক সাপোর্টের মাধ্যমে লেজিসলেটিভ ড্রাফটিং এ দক্ষ ও প্রশিক্ষিত জনবল গড়ে তোলা; নির্বাচিত ২৫০টি আইন ইংরেজি থেকে বাংলায় এবং বাংলা থেকে ইংরেজিতে অনুবাদ করা; এ বিভাগের কর্মকর্তাবৃন্দের আইন বিষয়ে অধ্যয়নের জন্য মানসম্মত লাইব্রেরি ও ই-লাইব্রেরি স্থাপন; Law Public Awareness Cell গঠন ও শক্তিশালীকরণ; অধঃস্তন আইনসমূহ চিহ্নিতকরণপূর্বক কোডিফিকেশন ও হালনাগাদ করে কোড আকারে প্রকাশ ও ওয়েবসাইটে প্রকাশ; মূল আইনসমূহ হালনাগাদ করে প্রকাশ ও বাংলাদেশ কোড ওয়েবসাইটে আপলোড এবং লজ অব বাংলাদেশ এর নতুন অধিক ক্যাপাসিটিসম্পন্ন ওয়েবসাইট প্রস্তুত, সংরক্ষণ ও ব্যবস্থাপনা; বাংলায় আইন প্রণয়ন পদ্ধতি এবং আইনের ব্যবহারশাস্ত্র/Jurisprudence সংবলিত লেজিসলেটিভ ডেস্কবুক প্রণয়ন; সাংবিধানিক ও আইনি অধিকার বিষয়ে জনসাধারণকে সচেতন করা। প্রকল্পটির অনুমোদিত প্রাক্কলিত ব্যয় মোট ৩৮৭৮.৯২ লক্ষ টাকা এবং বাস্তবায়ন মেয়াদ জুলাই, ২০২২ হতে জুন, ২০২৬ পর্যন্ত।

৫। প্রকল্পের অগ্রগতি সম্পর্কে সভায় জানানো হয় যে, প্রকল্পটি লেজিসলেটিভ ও সংসদ বিষয়ক বিভাগের উচ্চ অগ্রাধিকার প্রকল্প। প্রকল্পটির অনুকূলে ২০২২-২৩ অর্থ বছরের বার্ষিক উন্নয়ন কর্মসূচী (এডিপি)'র জিওবি থোক বরাদ্দ হতে ৮০.০০ লক্ষ টাকা বরাদ্দ প্রদান করা হয়েছে। অর্থ বিভাগের ব্যয় সংকোচন সংক্রান্ত পরিপত্রের নির্দেশনানুযায়ী ব্যয়যোগ্য বরাদ্দের পরিমাণ ৬৫.২৫ লক্ষ টাকা। অর্থ বিভাগের অনুমোদনক্রমে ১ম, ২য় ও ৩য় কিস্তির অর্থ বাবদ ৬০.০০ লক্ষ টাকা ছাড় করা হয়েছে। ফেব্রুয়ারি ২০২৩ পর্যন্ত সময়ে উক্ত অর্থ হতে মোট ৩৪.২৫ লক্ষ টাকা ব্যয় করা হয়েছে, যা মোট বরাদ্দের ৪২.৮২% এবং মোট ব্যয়যোগ্য বরাদ্দের ৫২.৫০%।

প্রকল্পটির এডিপি বাস্তবায়ন অগ্রগতির সংক্ষিপ্ত বিবরণী নিম্নরূপ:

(লক্ষ টাকায়)

| ২০২২-২৩ অর্থ বছরের এডিপিতে বরাদ্দ | অর্থ বিভাগের ব্যয় সংকোচন সংক্রান্ত পরিপত্রের আলোকে ব্যয়যোগ্য বরাদ্দ | ১ম, ২য়, ও ৩য় কিস্তিতে মোট অর্থ ছাড় | ১ম, ২য় ও ৩য় কিস্তিতে ছাড়কৃত ব্যয়যোগ্য অর্থের পরিমান | অর্থ অবমুক্তির তারিখ (নতুন অনুমোদিত প্রকল্প হিসেবে) | ২৮/০২/২০২৩ পর্যন্ত সময়ে এডিপি বাস্তবায়ন অগ্রগতি | মোট বাজেট বরাদ্দের বিপরীতে খরচের শতকরা হার (%) | ব্যয়যোগ্য বরাদ্দের বিপরীতে খরচের শতকরা হার (%) |
|---|---|---|---|---|---|---|---|
| ৮০.০০ | ৬৫.২৫ | ৬০.০০ | ৪৯.৬৮ | ২৫/১০/২০২২ | ৩৪.২৫ | ৪২.৮২% | ৫২.৫০% |

সভায় আরো জানানো হয় যে, অদ্যাবধি প্রকল্পের নিম্নরূপ কার্যক্রম সম্পন্ন করা হয়েছে:

(ক) প্রকল্পের অফিস ভবন ভাড়ায় নেয়া হয়েছে।
(খ) প্রকল্প অফিসের আসবাবপত্র (বাজেট স্বল্পতার কারণে আংশিক) ক্রয় করা হয়েছে।
(গ) প্রকল্প কাজে ব্যবহারের জন্য ২টি ডেস্কটপ কম্পিউটার এবং ১টি ফটোকপিয়ার মেশিন ক্রয় করা হয়েছে।
(ঘ) প্রকল্পের কাজে ব্যবহারের জন্য গাড়ী ভাড়া করা হয়েছে।
(ঙ) প্রকল্প অফিসের লাইট, ফ্যানসহ আনুষঙ্গিক অফিস সরঞ্জামাদি (আংশিক) ক্রয় করা হয়েছে।
(চ) আউটসোর্সিং এর মাধ্যমে জনবল নিয়োগ সম্পন্ন করা হয়েছে।
(ছ) প্রকল্পের আওতায় ২টি স্থানীয় প্রশিক্ষণ এবং সাংবিধানিক ও আইনি অধিকার সম্পর্কে জেলা পর্যায়ে ১টি সচেতনতামূলক ওয়ার্কশপ আয়োজন করা হয়েছে।
(জ) নির্বাচিত আইনের অনুবাদ এবং লেজিসলেটিভ ডেস্কবুক প্রণয়নের লক্ষ্যে পরামর্শক প্রতিষ্ঠান নিয়োগের জন্য প্রস্তুতিমূলক কার্যক্রম চলমান রয়েছে।

প্রকল্প পরিচালক বলেন যে, প্রকল্পটির অনুকূলে ২০২২-২৩ অর্থ বছরের সংশোধিত বার্ষিক উন্নয়ন কর্মসূচি (আরএডিপি)'তে ১২০.০০ লক্ষ টাকা বরাদ্দ প্রদান করা হয়েছে। কিন্তু সংশোধিত বাজেট বরাদ্দের আলোকে এখনও প্রাপ্য অর্থ আইবাস সিস্টেমে অবমুক্ত করা হয়নি।

৬। সভায় জানানো হয় যে, প্রকল্প স্টিয়ারিং কমিটির ১ম সভা গত ২০/১২/২০২২ তারিখে এ বিভাগের সচিব মহোদয়ের সভাপতিত্বে অনুষ্ঠিত হয়। উক্ত সভায় গৃহীত সিদ্ধান্তসমূহের বাস্তবায়ন অগ্রগতি নিম্নরূপ:

| ক্রমিক নং | বিগত সভার সিদ্ধান্ত | বাস্তবায়ন অগ্রগতি |
|---|---|---|
| ৮.১ | পিআইসি সভার সুপারিশের আলোকে ২০২২-২৩ অর্থ বছরের কর্মপরিকল্পনা এবং ক্রয় পরিকল্পনা বাস্তবায়ন ত্বরান্বিত করতে হবে। সংশোধিত এডিপিতে বাজেট বরাদ্দ প্রাপ্তি সাপেক্ষে ২০২২-২৩ অর্থ বছরের কর্মপরিকল্পনা এবং ক্রয় পরিকল্পনা হালনাগাদ করতে হবে। | প্রকল্পের অনুকূলে ২০২২-২৩ অর্থ বছরের এডিপিতে জিওবি থোক বরাদ্দ হতে ৮০.০০ লক্ষ টাকা বরাদ্দ প্রদান করা হয়েছে। অর্থ বিভাগের ব্যয় সংকোচন সংক্রান্ত পরিপত্রের নির্দেশনানুযায়ী ব্যয়যোগ্য বরাদ্দের পরিমাণ ৬৫.২৫ লক্ষ টাকা। তদানুযায়ী প্রকল্পের চলতি অর্থ বছরের কর্মপরিকল্পনা ও ক্রয় পরিকল্পনা প্রণয়ন করা হয়েছে, যা বাস্তবায়নাধীন রয়েছে। সংশোধিত এডিপিতে ১২০.০০ লক্ষ টাকা বাজেট বরাদ্দের আলোকে কর্মপরিকল্পনা ও ক্রয় পরিকল্পনা হালনাগাদ করা হবে। |
| ৮.২ | বাজেট প্রাপ্তি সাপেক্ষে প্রকল্প অফিসের অত্যাবশ্যকীয় আসবাবপত্র ও অফিস সরঞ্জামাদি ক্রয় কাজ দ্রুত সম্পন্ন করতে হবে। এ ছাড়া, প্রকল্পের আউটসোর্সিং প্রক্রিয়ায় জনবল নিয়োগের কার্যক্রম দ্রুত | বাজেট প্রাপ্তি সাপেক্ষে প্রকল্প অফিসের অত্যাবশ্যকীয় আসবাবপত্র ও অফিস সরঞ্জামাদি ক্রয় কাজ সম্পন্ন করা হবে।<br><br>আউটসোর্সিং প্রতিষ্ঠানের মাধ্যমে প্রকল্পের ৬ জন জনবল নিয়োগের বিষয়ে গত ১৮/০১/২০২৩ তারিখে চুক্তি সম্পাদিত হয়েছে। |

| ক্রমিক নং | বিগত সভার সিদ্ধান্ত | বাস্তবায়ন অগ্রগতি |
|---|---|---|
| | সম্পন্ন করতে হবে। এ বিভাগ হতে অতিরিক্ত দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা-কর্মচারীগণকে প্রকল্প বাস্তবায়নে আরো নিবিড়ভাবে সম্পৃক্ত হতে হবে। | আউটসোর্সিং প্রতিষ্ঠান ইতোমধ্যে জনবল সরবরাহ করেছে। এ বিভাগ হতে অতিরিক্ত দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা-কর্মচারীগণ প্রকল্প বাস্তবায়নে নিবিড়ভাবে সম্পৃক্ত আছেন। |
| ৮.৩ | ২০২২-২৩ অর্থ বছরের ছাড়কৃত অর্থের ব্যয়যোগ্য অংশ ব্যবহার করে কর্মপরিকল্পনা অনুযায়ী অগ্রাধিকার কাজসমূহ সম্পন্ন করতে হবে। অভ্যন্তরীণ প্রশিক্ষণ কার্যক্রম এবং স্টেকহোল্ডার কনসালটেশন/সেমিনার/ওয়ার্কশপ দ্রুত শুরু করতে হবে। | ছাড়কৃত অর্থের ব্যয়যোগ্য অংশ ব্যবহার করে কর্মপরিকল্পনা অনুযায়ী অগ্রাধিকার কাজসমূহ সম্পন্ন করা হচ্ছে।<br><br>কর্মকর্তা ও কর্মচারীদের ইতোমধ্যে ৩ দিন ব্যাপী ২টি প্রশিক্ষণ কার্যক্রম সম্পন্ন হয়েছে। এছাড়া, সাংবিধানিক ও আইনি অধিকার সম্পর্কে সচেতনতামূলক ওয়ার্কশপ গত ১৮/০২/২০২৩ তারিখে মুন্সিগঞ্জ জেলায় অনুষ্ঠিত হয়েছে। সংশোধিত বাজেটে বরাদ্দ প্রাপ্তির আলোকে পরবর্তী প্রশিক্ষণ কার্যক্রম ও ওয়ার্কশপ আয়োজন করা হবে। |
| ৮.৪ | সংশোধিত এডিপিতে ক্রয় পরিকল্পনা অনুযায়ী Code of Delegated Legislation, Translation of Laws এবং বাংলায় লেজিসলেটিভ ডেস্কবুক প্রণয়ন সংক্রান্ত পরামর্শক প্রতিষ্ঠান নিয়োগের কার্যক্রম দ্রুত শুরু করতে হবে। এ লক্ষ্যে সংশোধিত বাজেটে প্রয়োজনীয় বরাদ্দের সংস্থান রাখতে হবে। | আইনের অনুবাদ কার্যক্রম এবং বাংলায় লেজিসলেটিভ ডেস্কবুক প্রণয়নের লক্ষ্যে পরামর্শক প্রতিষ্ঠান নিয়োগের জন্য দরপত্র ডকুমেন্টের খসড়া প্রস্তুত করা হয়েছে। সংশোধিত বাজেট বরাদ্দের আলোকে শীঘ্রই পরামর্শক প্রতিষ্ঠান নিয়োগের লক্ষ্যে পত্রিকায় বিজ্ঞপ্তি প্রকাশ করা হবে। |
| ৮.৫ | উন্নয়ন বাজেট বাস্তবায়নের ক্ষেত্রে অর্থ বিভাগের ব্যয় সংকোচন সংক্রান্ত পরিপত্র অনুসরণ করতে হবে। পরিপত্রের আওতাভুক্ত কোনো খাতের অত্যাবশ্যকীয় ব্যয় নির্বাহের ক্ষেত্রে নীতি নির্ধারণী পর্যায়ে আলোচনা করা যেতে পারে। | বাজেট বাস্তবায়নের ক্ষেত্রে অর্থ বিভাগের ব্যয় সংকোচন সংক্রান্ত পরিপত্র যথাযথভাবে অনুসরণ করা হচ্ছে। |

৭। সভায় আরো জানানো হয় যে, প্রকল্প বাস্তবায়ন কমিটির ৩য় সভা অদ্য ১৫/০৩/২০২৩ তারিখ সকাল ১০:৩০ ঘটিকায় অনুষ্ঠিত হয়েছে। উক্ত সভার আলোচ্য বিষয় এবং কমিটির সদস্যবৃন্দের সুপারিশ/পর্যবেক্ষণ স্টিয়ারিং কমিটির সভায় প্রকল্প পরিচালক উপস্থাপন করেন।

৮। সম্প্রতি অনুষ্ঠিত প্রশিক্ষণের বিষয়বস্তু সর্ম্পকে জানতে চাওয়া হলে প্রকল্প পরিচালক বলেন যে, এ বিভাগের সহকারি সচিব এবং সমপর্যায়ের কর্মকর্তাদের Legislative Process and Technique শীর্ষক প্রশিক্ষণের আওতায় Diplomacy and Foreign Policy of Bangladesh, Diplomatic Negotiation, Human Rights in Bangladesh: Challenges and Way forward এবং Treaty, Convention, Agreement, MoU, Trade and Commercial Contract, International Commercial Arbitration ইত্যাদি বিষয়ে প্রশিক্ষণ প্রদান করা হয়েছে। উক্ত প্রশিক্ষণে পররাষ্ট্র মন্ত্রণালয়ের সচিব (ওয়েস্ট), মানবাধিকার কমিশনের চেয়ারম্যান এবং একজন সদস্য Resource Person হিসেবে ছিলেন।

৯। প্রকল্প পরিচালক প্রকল্প অফিসে দাপ্তরিক কাজ সম্পন্ন করার জন্য অত্যাবশ্যকীয় কম্পিউটার ও আসবাবপত্র সংগ্রহ এবং এ বিভাগের কর্মকর্তাদের আইন প্রণয়ন বিষয়ে সক্ষমতা বৃদ্ধির জন্য Legislative Process and Technique বিষয়ে সীমিত আকারে প্রশিক্ষণ কার্যক্রম সম্পন্ন করার লক্ষ্যে সংশ্লিষ্ট খাতসমূহে চলতি অর্থবছরের সম্পূর্ণ বরাদ্দ ব্যয় করার বিষয়ে কমিটির সদস্যবৃন্দের দৃষ্টি আকর্ষণ করেন। সভাপতি মহোদয় অর্থ বিভাগের প্রতিনিধিকে এ বিষয়ে যথোপযুক্ত ব্যবস্থা গ্রহণ করার জন্য অনুরোধ জানান।

১০। প্রকল্প পরিচালক বলেন যে, আইনের অনুবাদ কার্যক্রম এবং বাংলায় লেজিসলেটিভ ডেস্কবুক প্রণয়নের লক্ষ্যে পরামর্শক প্রতিষ্ঠান নিয়োগের জন্য দরপত্র ডকুমেন্টের খসড়া প্রস্তুত করা হয়েছে। সংশোধিত বাজেট বরাদ্দের আলোকে শীঘ্রই পরামর্শক প্রতিষ্ঠান নিয়োগের লক্ষ্যে পত্রিকায় বিজ্ঞপ্তি প্রকাশ করা হবে। এছাড়া, Laws of Bangladesh website পুন:স্থাপনের লক্ষ্যে পরামর্শক প্রতিষ্ঠান নিয়োগে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা হবে। এ প্রেক্ষিতে বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগ (আইএমইডি) এর প্রতিনিধি বলেন, বাজেট বরাদ্দ পাওয়া গেলে পরামর্শক প্রতিষ্ঠান নিয়োগের কাজ অগ্রাধিকার ভিত্তিতে সম্পন্ন করা যেতে পারে। রুলস অব বাংলাদেশের কার্যক্রম এর পরিধি ব্যাপক হওয়ায় এ কাজটি আগামী অর্থ বছরের প্রারম্ভে শুরু করার লক্ষ্যে পরামর্শক নিয়োগের কাজ সম্পন্ন করার জন্য সভাপতি প্রকল্প পরিচালককে নির্দেশনা প্রদান করেন।

১১। প্রকল্প পরিচালক সভাকে অবহিত করেন যে, গত ১৮/০২/২০২৩ তারিখে লেজিসলেটিভ ও সংসদ বিষয়ক বিভাগের সচিব মহোদয়ের সানুগ্রহ উপস্থিতিতে মুন্সিগঞ্জ জেলায় সাংবিধানিক ও আইনি অধিকার সম্পর্কে সচেতনতামূলক ওয়ার্কশপ অনুষ্ঠিত হয়েছে। সংশোধিত বাজেটে বরাদ্দ প্রাপ্তির আলোকে পরবর্তী ওয়ার্কশপ আয়োজন করা হবে। প্রকল্পের আওতায় আয়োজিত বিভিন্ন গুরুত্বপূর্ণ ওয়ার্কশপ ও সেমিনারে প্রকল্প বাস্তবায়ন কমিটি এবং প্রকল্প স্টিয়ারিং কমিটির সদস্যবৃন্দকে সম্পৃক্ত করা যেতে পারে মর্মে আইএমইডি'র প্রতিনিধি অভিমত ব্যক্ত করেন। এ বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সভাপতি প্রকল্প পরিচালককে নির্দেশনা প্রদান করেন।

১২। সভাপতি মহোদয় বলেন, সরকারের আর্থিক কৃচ্ছ্রতা/ব্যয় সংকোচন সংক্রান্ত নির্দেশনার কারণে প্রকল্পের বাস্তবায়ন অগ্রগতি কম হয়েছে। প্রকল্পটির অগ্রগতি ত্বরান্বিত করার জন্য প্রকল্প পরিচালকসহ সংশ্লিষ্টদেরকে তিনি নির্দেশনা প্রদান করেন। প্রকল্পটি সুষ্ঠভাবে বাস্তবায়নের জন্য তিনি স্টিয়ারিং কমিটির সদস্যবৃন্দের সহযোগিতা কামনা করেন।

১৩। বিস্তারিত আলোচনা শেষে সভায় নিম্নরূপ সিদ্ধান্ত গৃহীত হয়:

| ক্রমিক নং | আলোচ্য বিষয় | সিদ্ধান্ত |
|---|---|---|
| ১৩.১ | অগ্রাধিকার কাজসমূহ সম্পন্ন করার জন্য পরামর্শক প্রতিষ্ঠান নিয়োগ | সংশোধিত এডিপিতে বাজেট প্রাপ্তির আলোকে ক্রয় পরিকল্পনা অনুযায়ী Translation of Laws, Code of Delegated Legislation এবং বাংলায় ডেস্কবুক প্রণয়ন সংক্রান্ত পরামর্শক প্রতিষ্ঠান নিয়োগের কার্যক্রম দ্রুত শুরু করতে হবে। |
| ১৩.২ | অত্যাবশ্যকীয় কাজ সম্পন্ন করার জন্য অর্থ বরাদ্দ ও অবমুক্ত নিশ্চিতকরণ | প্রকল্প অফিসে দাপ্তরিক কাজ সম্পন্ন করার জন্য অত্যাবশ্যকীয় কম্পিউটার ও আসবাবপত্র সংগ্রহ এবং এ বিভাগের কর্মকর্তাদের আইন প্রণয়ন বিষয়ে সক্ষমতা বৃদ্ধির জন্য Legislative Process and Technique বিষয়ে সীমিত আকারে প্রশিক্ষণ কার্যক্রম সম্পন্ন করার লক্ষ্যে সংশ্লিষ্ট খাতসমূহে চলতি অর্থবছরের সম্পূর্ণ বরাদ্দ ব্যয় করার অনুমতি চেয়ে অর্থ বিভাগকে অনুরোধ করতে হবে। |
| ১৩.৩ | বিভিন্ন গুরুত্বপূর্ণ ওয়ার্কশপ ও সেমিনারে প্রকল্প স্টিয়ারিং কমিটির সদস্যবৃন্দকে সম্পৃক্তকরণ | প্রকল্পের আওতায় আয়োজিতব্য বিভিন্ন গুরুত্বপূর্ণ ওয়ার্কশপ ও সেমিনারে প্রকল্প স্টিয়ারিং কমিটির সদস্যবৃন্দকে সম্পৃক্ত করতে হবে। |

| ক্রমিক নং | আলোচ্য বিষয় | সিদ্ধান্ত |
|---|---|---|
| ১৩.৪ | সংশোধিত বাজেটের আলোকে ২০২২-২৩ অর্থ বছরের কর্মপরিকল্পনা এবং ক্রয় পরিকল্পনা হালনাগাদকরণ | সংশোধিত এডিপিতে বাজেট বরাদ্দের আলোকে ২০২২-২৩ অর্থ বছরের কর্মপরিকল্পনা এবং ক্রয় পরিকল্পনা হালনাগাদ করতে হবে। |
| ১৩.৫ | অর্থ বিভাগের ব্যয় সংকোচন সংক্রান্ত পরিপত্র অনুসরণ | উন্নয়ন বাজেট বাস্তবায়নের ক্ষেত্রে অর্থ বিভাগের ব্যয় সংকোচন সংক্রান্ত পরিপত্র অনুসরণ করতে হবে। পরিপত্রের আওতাভুক্ত কোনো খাতের অত্যাবশ্যকীয় ব্যয় নির্বাহের ক্ষেত্রে নীতি নির্ধারণী পর্যায়ে আলোচনা করা যেতে পারে। |

১৪। সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি মহোদয় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

২৭/৭/২০২৩

(মোঃ মইনুল কবির)
সচিব
লেজিসলেটিভ ও সংসদ বিষয়ক বিভাগ
ও
সভাপতি
প্রকল্প স্টিয়ারিং কমিটি
আইন প্রণয়নের সক্ষমতা বৃদ্ধি এবং আইন বিষয়ে জনসচেতনতা সৃষ্টি প্রকল্প।